ভোরের কাগজ

তারিখ 29 APR
পৃষ্ঠা 12 কলাম 5

বুয়েট পরিস্থিতি

# স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীদের বিক্ষোভ নতুন শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত?

বুয়েট প্রতিনিধি : প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) স্থাপত্য বিভাগের ১৩ জন শিক্ষকের পদত্যাগপত্র গৃহীত হওয়ার প্রতিবাদে গতকাল স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীরা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করেছে। আজ বুধবার থেকে কোর্স রেজিস্ট্রেশনের ঘোষিত তারিখ হলেও ছাত্রছাত্রীরা কোর্স রেজিস্ট্রেশন করবে কিনা নিশ্চিত নয়। এদিকে ছাত্রলীগ গতকাল থেকে ক্যাম্পাসে আহূত লাগাতার ধর্মঘট প্রত্যাহার করে নিয়েছে।

গত ২৬ এপ্রিল বুয়েট সিন্ডিকেটের এক অধিবেশনে স্থাপত্য বিভাগের ভর্তি পরীক্ষা সংক্রান্ত আন্দোলনে জড়িত ১৩ জন শিক্ষকের পদত্যাগপত্র গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়। এর প্রতিবাদে স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীরা গতকাল বেলা ১টায় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করে।

স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীরা বিক্ষোভ শেষে জানিয়েছে, ১৩ জন শিক্ষককে অব্যাহতি দেওয়ার প্রতিবাদে তারা ব্যাপক আন্দোলন গড়ে তুলবে। তবে এ আন্দোলন কোর্স রেজিস্ট্রেশন সম্পন্ন করেও হতে পারে।

একজন ছাত্র জানায়, অব্যাহতিপ্রাপ্ত ১৩ জন শিক্ষককে বিভাগে ফিরিয়ে না আনা হলে তারা ক্লাস বর্জন করবে।

এদিকে বিশ্ববিদ্যালয় প্রশাসন সূত্রে জানা গেছে, স্থাপত্য বিভাগে নতুন শিক্ষক নিয়োগ করা হবে এবং এজন্য একটি কমিটিও গঠন করা হয়েছে। এ ব্যাপারে উপাচার্য অধ্যাপক ইকবাল মাহমুদের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তার সঙ্গে দেখা করার অনুমতি পাওয়া যায়নি।

কর্তৃপক্ষ স্থাপত্য বিভাগের কোর্স রেজিস্ট্রেশনের তারিখ নির্ধারণ করেছেন ২৯ ও ৩০ মার্চ। অবশ্য ৩ থেকে ১০ মার্চ পর্যন্ত বিলম্বে রেজিস্ট্রেশন করা যাবে। স্থাপত্য বিভাগের ক্লাস শুরু হবে ৩ মার্চ থেকে।

স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীরা কোর্স রেজিস্ট্রেশনের ব্যাপারে গতকাল সকালে আলোচনা করে কোনো সিদ্ধান্ত নিতে পারেনি। নাম প্রকাশে অনিচ্ছুক একজন ছাত্র বলেছে, এক সপ্তাহের বেশি সময় ধরে রেজিস্ট্রেশনের সময় থাকবে তাই তারা ধীরে ধীরে আলোচনা করেই কোর্স রেজিস্ট্রেশনের ব্যাপারে সিদ্ধান্ত নেবে।

এদিকে টানা দুদিন স্থাপত্য বিভাগের কোর্স রেজিস্ট্রেশনের দাবিতে ছাত্রলীগের ডাকে ক্যাম্পাসে একদিন ধর্মঘট পালনের পর গতকাল থেকে তাদের আহূত লাগাতার ধর্মঘট প্রত্যাহার করে নিয়েছে। এখন প্রতিটি সংগঠনই ভাবছে ১৩ জন শিক্ষকের অব্যাহতি প্রদানের বিষয়টি নিয়ে কি করা যায়।

**ছাত্রফ্রন্টের নিন্দা**

বুয়েটে স্থাপত্য বিভাগের ১৩ জন শিক্ষকের পদত্যাগপত্র গ্রহণের কর্তৃপক্ষীয় সিদ্ধান্তের নিন্দা জানিয়ে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট বুয়েট শাখা গতকাল মঙ্গলবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলেছে, বুয়েট প্রশাসন প্রতিশোধপরায়ণ মনোভাব নিয়ে উক্ত শিক্ষকদের কৌশলে বহিষ্কার করতে চাচ্ছেন। বুয়েট সিন্ডিকেট ১৩ জন শিক্ষকের পদত্যাগপত্র গ্রহণ করলেও তাদের পদত্যাগ প্রত্যাহারের পত্র গ্রহণ করেনি। সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট বুয়েটের সমস্ত ছাত্রছাত্রীর প্রতি ১৩ জন শিক্ষকের পুনর্বহালের দাবিতে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন।